পাঠ্যবইয়ে যুক্ত হচ্ছে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি

written by Chandradip News24 | October 28, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: রাজনৈতিক পটপরিবর্তনের পর প্রাথমিক ও মাধ্যমিকের বিনামূল্যের পাঠ্যবইয়ে আসছে পরিবর্তন। নতুন পরিকল্পনা অনুযায়ী, পাঠ্যবইয়ের প্রচ্ছদে থাকবে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি বা দেয়ালে আঁকা ছবি। এর পাশাপাশি ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ও উদ্ধৃতি বাদ দেওয়া হবে। ইতিহাসনির্ভর বিভিন্ন বিষয়েও পরিবর্তন আসছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সূত্রে জানা গেছে, পরিমার্জনের কাজ প্রায় শেষ হলেও মুদ্রণকারীদের কাছে পাণ্ডুলিপি পৌঁছাতে বিলম্ব হচ্ছে। বছর শুরুর সময়ের মধ্যে শিক্ষার্থীদের হাতে বই পৌঁছে দেওয়া নিয়ে সংশয় দেখা দিয়েছে।

প্রকাশের অনিশ্চয়তা ও পরিবর্তনের সিদ্ধান্ত

এনসিটিবি কর্মকর্তারা জানান, নতুন শিক্ষাক্রমে পরিবর্তিত কিছু গ্রাফিতি এবং ঐতিহাসিক ঘটনার প্রতিফলন থাকছে। প্রথম থেকে তৃতীয় শ্রেণিতে নতুন শিক্ষাক্রমের বই দেওয়া হলেও চতুর্থ থেকে দশম শ্রেণিতে পুরোনো শিক্ষাক্রমে কিছু পরিবর্তন আনা হচ্ছে। পুরোনো শিক্ষাক্রমে নবম ও দশম শ্রেণির জন্য একই বই থাকলেও এবার দুই শ্রেণির জন্য আলাদা বই দেওয়ার পরিকল্পনা রয়েছে।

এনসিটিবির চেয়ারম্যান এ কে এম রিয়াজুল হাসান বলেন, “এবারের মোট বইয়ের সংখ্যা প্রায় ৪০ কোটি। আশা করা যাচ্ছে, বছরের শুরুতেই

শিক্ষার্থীদের হাতে বই পৌঁছানো সম্ভব হবে।”